



প্রথম পক্ষের স্বাক্ষর

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর

বাড়ী ভাড়া চুক্তিপত্র

প্রথম পক্ষঃ


দ্বিতীয় পক্ষঃ বাদাবন সংঘের পক্ষে লিপি রহমান, নির্বাহী পরিচালক- বাদাবন সংঘ। গ্রাম: ভেকটমারী, উপজেলা: রামপাল, জেলা: বাগেরহাট।

চুক্তির শর্তাবলী

১. প্রথম পক্ষ (বাড়ী মালিক) উপরে উল্লেখিত বাড়ীর ১ম তলার পূর্ব পার্শ্বে, ০১/০২/২০২০ ইং তারিখ হইতে বৎসরের জন্য ধার্যকৃত ভাড়া ১৫,০০০/- (পনের হাজার) টাকা মাসিক ভ্যাট বাদে ১ম পক্ষকে প্রদান করিতে সম্মত হইলেন।
২. ২য় পক্ষ (ভাড়াটিয়া) বাড়ি ভাড়া চুক্তি বাবদ জামানত হিসাবে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা অগ্রিম প্রদানে সম্মত হইয়া ১ম পক্ষ (বাড়ী মালিক) কে উহা প্রদান করিলেন। উক্ত অগ্রিম ভাড়াকৃত ইউনিট ছাড়িয়া দেওয়ার সময় ফিটিংস এর ক্ষতি সমন্বয় পূর্বক অবশিষ্ট টাকা টাকা ফেরতযোগ্য হইবে এবং প্রতি মাসের ভাড়া, মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে প্রদান করিতে হইবে।
৩. চুক্তিপত্র কার্যকর থাকাকালীন সময়ে বাড়ীটির ১ম তলার পূর্ব পার্শ্বের ইউনিট মাত্র ২য় পক্ষ (ভাড়াটিয়া) এর জন্য ব্যবহার বলিয়া ধার্য হইবে।
৪. ২য় পক্ষ (ভাড়াটিয়া) ১ম পক্ষ (বাড়ী মালিক) এর অনুমতি ব্যতিত ভাড়াকৃত ইউনিটের কোন পরিবর্তন করিতে পারিবে না, ইউনিটের যাবতীয় ফিটিংস যত্নের সাথে ব্যবহার করিতে হইবে এবং ইউনিটের মধ্যে যাবতীয় ফিটিংস তাহাদের (২য় পক্ষ) দ্বারা নষ্ট বা ভাঙ্গা হইলে তাহা নিজ খরচে প্রতিস্থাপন করিয়া দিতে বাধ্য থাকিবেন। অন্যথায় অগ্রিমকৃত টাকা হইতে কাটিয়া রাখা হইবে।
৫. ভাড়া নেওয়ার তারিখ হইতে বৎসর পর বাড়ী ভাড়ার আইন অনুযায়ী যে বর্ধিত ভাড়া হয় তাহা প্রদানে সম্মতি পূর্বক নতুন ভাবে ২য় পক্ষ (বাড়ী মালিক) এর সাথে চুক্তি নবায়ন করিতে হইবে। অন্যথায় ভাড়া বৃদ্ধির নিয়ম অনুযায়ী বর্ধিত ভাড়া ২য় পক্ষ দিতে বাধ্য থাকিবেন।
৬. ২য় পক্ষ (ভাড়াটিয়া) তাহাদের প্রয়োজনে চুক্তি মেয়াদের পূর্বে ভাড়া নেওয়া ইউনিটটি ছাড়িয়া দিতে মনস্থির করিলে এক মাস পূর্বে নোটিশ প্রদান করিতে হইবে। অনুরূপ ভাবে ভাড়া দেওয়া ইউনিটটি ১ম পক্ষ (বাড়ী মালিক) এর প্রয়োজন হইলে এক মাস পূর্বে ২য় পক্ষ (ভাড়াটিয়া) কে নোটিশ প্রদান করিতে হইবে।


Lipi Rahman
Executive Director

General Secretary, Executive Committee
Badabon Sangho


Gulshan Ara
Chairperson
Executive Committee
Badabon Sangho



৭. কোন মাসের ২য় পক্ষ (ভাড়াটিয়া) যথা সময়ে ভাড়া প্রদানে অসমর্থ হইলে তাহা পূর্বেই ১ম পক্ষ (বাড়ী মালিক) কে জানাইতে হইবে এবং কোন অবস্থাতেই ২০ (বিশ) তারিখের পর ভাড়া বাকি রাখা যাইবে না।
৮. ভাড়া নেওয়া ইউনিটটিতে কোনরূপ সাবলেট দেওয়া যাইবে না এবং দেশের ও সমাজের জন্য ক্ষতিকর কোন কর্মকাণ্ড চালানো যাইবে না।
৯. বিদ্যুৎ ও গ্যাসের প্রিপেইড মিটার ২য় পক্ষ (ভাড়াটিয়া) নিজ খরচে রিচার্জ করে ব্যবহার করতে হবে। বিদ্যুৎ ও গ্যাসের কার্ড কোন কারনে ২য় পক্ষ (ভাড়াটিয়া) হারিয়ে বা নষ্ট করে ফেলিলে তাহা নিজ খরচে সংগ্রহ করতে হবে।
১০. পানির বিল সকল ভাড়াটিয়া এবং বাড়ীর মালিক সমহারে প্রদান করিবে।
১১. উভয় পক্ষ একমত হয়ে উপরোল্লিখিত শর্তসমূহ মানিয়া সালের তারিখ হইতে..... সালের তারিখ পর্যন্ত প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষের সাথে এই চুক্তিনামা সম্পাদন করিলাম।

এতদ্বারা উভয়পক্ষ সজ্ঞানে, সুস্থ মস্তিষ্কে এবং অন্যের দ্বারা প্ররোচিত না হয়ে স্বেচ্ছায় নিম্ন স্বাক্ষরকারীগণের সম্মুখে অদ্য তারিখে এই চুক্তিপত্রে নিজ নিজ স্বাক্ষর করিলাম।

প্রথম পক্ষের স্বাক্ষর

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর

লিপি রহমান

নির্বাহী পরিচালক

বাদাবন সংঘ

গ্রাম: ভেকটমারী,

উপজেলা: রামপাল, জেলা: বাগেরহাট

স্বাক্ষীগণের নাম ও স্বাক্ষর:

১।

২।


Lipi Rahman
Executive Director
General Secretary, Executive Committee
Badabon Sangho


Gulshan Ara
Chairperson
Executive Committee
Badabon Sangho